

High View, Caversham, Reading
C/o E. T. Sturdy, Esq.,
১৮৯৬

প্রিয়--,

...প্রত্যেকে পূর্ণ উদ্যম প্রকাশ না করলে কি কোন কাজ সম্পন্ন হয়? 'উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি
লক্ষ্মীঃ' -- সিংহহৃদয় কাজের মানুষের কাছেই লক্ষ্মীদেবী এসে থাকেন।

পেছন ফিরে তাকানর প্রয়োজন নাই। আগে চল! আমাদের চাই অনন্ত শক্তি, অফুরন্ত উৎসাহ, সীমাহীন
সাহস, অসীম ধৈর্য, তবেই আমরা বড় বড় কাজ করতে পারব।... ইতি

তোমাদের স্নেহশীল

বিবেকানন্দ